

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৪৩৬.২০১৬ ২০২০

তাং ২৭-০৪-২০১৭খ্রিঃ।


বিষয় : হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৯৪৫/২০১৬ এর ০৬-০৪-২০১৭ তারিখের আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র : চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ হতে প্রাপ্ত আবেদন।

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে দায়েরকৃত সোনারগাঁ থানার মামলা নং-৩৯(১১)১৩ (জি আর ৫৩১/১৩) ও মামলা নং-৪০(১১)১৩ (জি আর ৫৩২/১৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এ বিভাগের ০৮ মার্চ, ২০১৭ তারিখের ২৫০ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ইতোপূর্বে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৯৪৫/২০১৬ এ সম্পূরক আবেদন করেন। মাননীয় আদালত বরখাস্ত আদেশ ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মামলাটি প্রতিদ্বন্দিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯

১। জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।

২। সিনিয়র সহকারী সচিব
উপজেলা-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অফিস কপি।